দৈনিক
জনকণ্ঠ

তারিখ 19 DEC 2006
পৃষ্ঠা ২ কলাম ৩

২৭

# ১৪ সরকারী মেডিক্যাল কলেজে ভর্তি কার্যক্রম শুরু, চলবে ২৪ ডিসেম্বর পর্যন্ত

স্টাফ রিপোর্টার ॥ চলতি শিক্ষাবর্ষে সরকারী মেডিক্যাল কলেজগুলোতে এমবিবিএস ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। আগামী ২৪ ডিসেম্বর পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে এবং ক্লাস শুরু হবে আগামী ১০ জানুয়ারি থেকে। ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে এমন দাবিতে শিক্ষার্থী-অভিভাবকদের আন্দোলন, মামলার প্রেক্ষিতে হাইকোর্ট ভর্তি কার্যক্রমে ছয় সপ্তাহের স্থগিতাদেশ দিলেও পরে আপীল বিভাগে ঐ আদেশ স্থগিত হয়ে যায়। এর ফলে ভর্তি কার্যক্রমে আর কোন বাধা না থাকায় স্বাস্থ্য অধিদফতরের অধীনে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

এদিকে দেশের ২৫টি বেসরকারী মেডিক্যাল কলেজ এবং ৮টি ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বেসরকারী মেডিক্যাল কলেজ ও ডেন্টাল মিলিয়ে প্রায় তিন হাজার আসন রয়েছে। সরকারী মেডিক্যাল কলেজে ভর্তি শেষে এসব মেডিক্যালে ভর্তি শুরু হবে। অন্যদিকে সরকারী ডেন্টাল কলেজে ভর্তির শেষ তারিখ হচ্ছে ২৮ ডিসেম্বর। দেশের ১৪টি সরকারী মেডিক্যাল কলেজে মোট আসন হচ্ছে ২ হাজার ৬০টি। মুক্তিযোদ্ধা কোটায় আসন হচ্ছে ৪০ এবং উপজাতি কোটায় ২০টি আসন রয়েছে।